

# Bilateral Relations Review Meeting (Virtual) between Hon'ble Minister of External Affairs Dr. S. Jaishankar and H.E. Dato Seri Setia Haji Erywan bin Pehin Datu Pekerma Jaya Haji Mohd. Yusof, Hon'ble Minister of Foreign Affairs-II of Brunei Darussalam

February 18, 2021

## বিদেশ মন্ত্রী মাননীয় ডঃ এস জয়শঙ্কর এবং ব্রুনেই দারুসসালামের দ্বিতীয় পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী মাননীয় দাতো সেরি সেতিয়া হাজী এরিওয়ান বিন পেহিন দাতু পেকেৰমা জয়া হাজী মোহাম্মদ ইউসোফের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক বিষয়ে (ভার্চুয়াল) মতবিনিময়

ফেব্রুয়ারি 18, 2021

1. বিদেশমন্ত্রী মাননীয় ডঃ এস জয়শঙ্কর এবং ব্রুনেই দারুসসালামের দ্বিতীয় পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী- II মাননীয় দাতো সেরি সেতিয়া হাজী এরিওয়ান বিন পেহিন দাতু পেকেৰমা জয়া হাজী মোহাম্মদ ইউসোফের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক বিষয়ে 18 ফেব্রুয়ারি 2021 তারিখে একটি ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। 2019 সালের জুন মাসে নয়াদিল্লিতে অনুষ্ঠিত দুই দেশের মধ্যে 7ম দফা পররাষ্ট্র দফতরের বৈঠকের পদাঙ্ক অনুসরণে এই বৈঠক হয়। দ্বিপাক্ষিক সম্পর্কের বিস্তারিত পরিসর এবং পারস্পরিক স্বার্থজড়িত আঞ্চলিক এবং বৈশ্বিক বিষয় নিয়ে আলোচনা করেন দুই মন্ত্রী।
2. ব্রুনেইতে করোনা -19 মহামারী কার্যকরীভাবে মোকাবিলা করার জন্য মাননীয় পররাষ্ট্র মন্ত্রী তাদের প্রশংসা করেন। তিনি 2021 সালের ASEAN চেয়ারম্যান পদপ্রাপ্তির জন্য ব্রুনেইকে অভিনন্দন জানান এবং ASEAN-এর চেয়ারম্যানপদে সাফল্যলাভের জন্য ভারতের পক্ষ থেকে সহায়তা প্রদানের আশ্বাস দেন। ইসরোর বর্তমান টেলিমেট্রি, ট্র্যাকিং এবং কমান্ড (টিটিসি) স্টেশন একটি নতুন সাইটে স্থানান্তরকরণের সুবিধার্থে ভারতের মহাকাশ কর্মসূচির প্রতি, বিভিন্ন আন্তর্জাতিক সংস্থায় ভারতের প্রার্থী হওয়া; এবং আন্তর্জাতিক সন্ত্রাসবাদ বিষয়ে সমর্থনের জন্য তিনি ব্রুনেই সরকারকে ধন্যবাদ জানিয়েছেন। কোভিড-19 মহামারীকালে ব্রুনেইতে আটকা পড়া ভারতীয়দের প্রত্যাভাসনের সুবিধার্থে উড়ানের ব্যবস্থা করার জন্য তিনি ব্রুনেই সরকারের প্রতি কৃতজ্ঞতা জানান। ব্রুনেই দারুসসালামের পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী-II মাননীয় হাজি এরিওয়ান ব্রুনেইয়ের নাগরিকদের প্রত্যাভাসন এবং মানবসম্পদ উন্নয়নে অসাধারণ সহযোগিতার জন্য ভারত সরকারকে ধন্যবাদ জানিয়েছেন।

3. বর্তমান দ্বিপাক্ষিক সম্পর্ক বিষয়ে দুই মন্ত্রী সন্তুষ্টি প্রকাশ করেন এবং নির্দিষ্ট কিছু ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতায় বাণিজ্য ও বিনিয়োগ বাড়াতে সম্মত হন। এর মধ্যে আছে কৃষি, খাদ্য প্রক্রিয়াকরণ, আইসিটি, আইটিইএস, ই-গভর্নেন্স, এসএন্ডটি, শিক্ষা, অটোমোটিভ, এনার্জি, স্বাস্থ্য পরিষেবা এবং ফার্মাসিউটিক্যালস, নির্মাণ, বয়ন ও বস্ত্র, চামড়াজাত পণ্য এবং পর্যটন। প্রতিরক্ষা সম্পর্কিত দ্বিপাক্ষিক সহযোগিতাও আলোচনার বিষয় ছিল। দ্বিপাক্ষিক ব্যবস্থা জোরদার করার জন্য এবং দ্বিপাক্ষিক বাণিজ্য বাড়াতে পদক্ষেপ নেওয়ার জন্য আলোচনার মাধ্যমে দুই মন্ত্রীই বিভিন্ন সমঝোতা ও চুক্তির প্রাথমিক পদক্ষেপ নিতে সম্মত হন।
4. এই বিষয়ে ব্রুনেইয়ের ক্ষমতা নির্মাণ কর্মসূচিতে ভারতের সহায়তা প্রদানের প্রস্তাব এবং সে বিষয়ে ব্রুনেইয়ের প্রতি ভারতের প্রতিশ্রুতি নিয়ে আলোচনা হয়।
5. সমস্ত ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা বাড়াতে উভয় মন্ত্রীই একে অপরের সামগ্রিক উন্নয়নের তারিফ করেন এবং সাধারণ বিশ্বব্যাপী চ্যালেঞ্জের বিরুদ্ধে সহযোগিতা জোরদার করার প্রতিশ্রুতি পুনরায় ব্যক্ত করেন।

ফেব্রুয়ারি 18, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.